ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

## সংবাদ বিজ্ঞপ্তি

**টিআইবি'র উদ্যোগে দুর্নীতিবিরোধী কার্টুন প্রদর্শনীর আয়োজন**

# কার্টুনের মাধ্যমে দুর্নীতির বিরৰদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান

**ঢাকা, ৯ ডিসেম্বর ২০১১**: আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উপলৰে আজ ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) আয়োজিত দুর্নীতিবিরোধী কার্টুন প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা কার্টুনের মাধ্যমে দুর্নীতির বিরৰদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়েছেন।

বিকেল ৪টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারৰকলা অনুষদের জয়নুল গ্যালারিতে অনুষ্ঠিত দুর্নীতিবিরোধী কার্টুন প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য **অধ্যাপক ড.আ.আ.ম.স.আরেফিন সিদ্দিক** এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কার্টুনিস্ট অধ্যাপক রফিকুন নবী। টিআইবি'র ট্রাস্টি বোর্ড এর চেয়ারপারসন **অ্যাডভোকেট সুলতানা কামাল** এর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন টিআইবি'র নির্বাহী পরিচালক **ড. ইফতেখারৰজ্জামান**।

প্রধান অতিথির বক্তব্যে **অধ্যাপক ড. আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক** বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয় ও টিআইবি যৌথভাবে বেশ কিছু কাজ করছে। এর মূল উদ্দেশ্য হলো একটি দুর্নীতিবিরোধী সমাজ গড়ে তোলা। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে যে সকল তরৰণেরা প্রতি বছর উচ্চ শিৰা নিয়ে বেড়িয়ে যাচ্ছে এদের মধ্যে দুর্নীতিবিরোধী মনোভাব তৈরী করতে হবে। দুর্নীতি ও শিৰা পরস্পর বিরোধী দুটি শব্দ। আমাদের তরৰণ সমাজ কখনোই দুর্নীতিকে প্রশ্রয় দেবে না।'

**অ্যাডভোকেট সুলতানা কামাল** বলেন, 'নতুন প্রজন্মের মধ্যে দুর্নীতিবিরোধী চেতনা শাণিত হলেই আমাদেরকে আর পিছ পা হতে হবে না। একটি দুর্নীতিবিরোধী সমাজ প্রতিষ্ঠা সম্ভব হবে।'

অনুষ্ঠানে দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০১১ এর বিজয়ী ও বিশেষ মনোনয়নপ্রাপ্ত কার্টুনিস্টদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করা হয়। এবারের প্রতিযোগিতায় ক গ্রৰপে (১৩-১৮ বছর)১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করেছে যথাক্রমে হাসিব করিম, সৈয়দ নাফিস সাদিক এবং উম্মে মাহ্‌ফুজা মালিহা। খ গ্রৰপে (১৯-৩৫ বছর) ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করেছে যথাক্রমে শেখ আসিফুর রহমান, আরাফাত করিম এবং মানবেন্দ্র গোলদার। এছাড়া ২টি বিভাগ থেকে মোট ৫০টি কার্টুনকে বিশেষ মনোনয়ন দেয়া হয়। উলেৰখ্য এ প্রতিযোগিতায় দুইটি বিভাগের বিজয়ী ও বিশেষভাবে মনোনীত ৫৬টি কার্টুন নিয়ে এ প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। আজ থেকে ১৬ ডিসেম্বর ২০১১ পর্যন্ত প্রতিদিন দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত সর্বসাধারণের জন্য এ প্রদর্শনী উন্মুক্ত থাকবে। সারাবিশ্বের দর্শক টিআইবি'র ওয়েবসাইট (www.ti-bangladesh.org) ও ফেইসবুক (**www.facebook.com/TIBangladesh**) মাধ্যমে প্রদর্শনীটি উপভোগ করতে পারবেন।

এর আগে বিকেল ৩.৩০টায় আয়োজিত হয় দুর্নীতিবিরোধী এক মানববন্ধন। "স্বাধীনতার গৌরবময় চলিৰশ: চাই সুশাসন - দুর্নীতি প্রতিরোধ''- এ শেৰাগান নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারৰকলা অনুষদের সম্মুখ সড়কে এ মানববন্ধনে ঢাকা ইয়েস এর সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিৰক, সুশীল সমাজের প্রতিনিধি, সমমনা সংগঠণের নেতৃবৃন্দসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশগ্রহণ করেন।

মানববন্ধনে **ড. ইফতেখারৰজ্জামান** বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী দেশকে দুর্নীতিমুক্ত করার কথা উলেৰখ করে বলেন, ''সরকার দুর্নীতি দমন কমিশন আইন সংস্কারের যে উদ্যোগ গ্রহণ করেছে তা কার্যকর করা হলে কমিশনটি একটি অকার্যকর প্রতিষ্ঠানে পরিণত হবে। তাই স্বাধীনতার চলিৰশ বছর পূর্তির এই সময়ে আমরা দুর্নীতির বিরৰদ্ধে সরকারের কার্যকর ভূমিকা প্রত্যাশা করছি।''

**গণমাধ্যম যোগাযোগ**


**রিজওয়ান - উল - আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
মোবাইল: ০১৭১৩ ০৬৫০১২